দৈনিক ইত্তেফাক 21

তারিখ 1.0 NOV 1987
পৃষ্ঠা 3 কলাম 7



# বিভিন্ন বিদ্যালয়ে আসবাবপত্র ও শিক্ষা উপকরণের অভাব প্রকট

বিভিন্ন এলাকার বহু বিদ্যালয়ে শত সমস্যা বিরাজ করায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

**পাবনা**

পাবনার সংবাদদাতা জানান, পাবনা জেলার বেড়া, সাথিয়া, সুজানগর, ফরিদপুর ও আটঘরিয়া উপজেলার মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়গুলিতে সমস্যার অন্ত নাই। ৫টি উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৫৭টি। কোন সরকারী মাধ্যমিক বিদ্যালয় নাই। নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ১২টি, নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় ৫টি, উচ্চ বালিকা বিদ্যালয় ৮টি এবং উচ্চ মাধ্যমিক মাদ্রাসা ৪৫টি। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক স্বল্পতা, প্রয়োজনীয় চেয়ার-টেবিল - বেঞ্চ ও অন্যান্য আসবাবপত্রের অভাব, শিক্ষা উপকরণের অভাব, বিজ্ঞান শিক্ষার প্রয়োজনীয় সাজ-সরঞ্জামের অভাবসহ নানা সমস্যা বিরাজ করিতেছে। কোন কোন বিদ্যালয়ে খাবার পানি ও শৌচাগারের ব্যবস্থা নাই। বিদ্যালয়গুলির আর্থিক সমস্যা প্রকট। শিক্ষকগণ নিয়মিত বেতন পান না। অর্থাভাবে ঝড় ও বন্যায় ক্ষতিগ্রস্ত বহু বিদ্যালয় মেরামত ও সংস্কার করা সম্ভব হইতেছে না, বহু বিদ্যালয় গৃহ জরাজীর্ণ হইয়া পড়িয়াছে।